

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-১ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০৪৮.০০১.০০.০০.০১২.২০১০(অংশ-১)- ১৬৬

তারিখঃ ১৮ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ক্রাস প্রোগামের আওতায় ত্রি-পক্ষীয় সভা আহবান সংক্রান্ত।

সূত্র : (১) প্রধান প্রকৌশলী, এলজিইডি'র স্মারক নং-৫১১০, তারিখ ২১.৭.২০১৬ খ্রিঃ।

(২) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৩১৬, তারিখ ১১.৮.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ২ নং সূত্রোক্ত স্মারকে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ক্রাস প্রোগামের আওতায় এলজিইডি সদর দপ্তরে ত্রি-পক্ষীয় সভা আয়োজনের নিমিত্ত সেপ্টেম্বর ২০১৬ মাসের ৩য় ও ৪র্থ সপ্তাহে একটি করে মোট ২টি ত্রি-পক্ষীয় সভা এবং অক্টোবর ২০১৬ মাসের ১ম ও ২য় সপ্তাহে একটি করে মোট ২টি ত্রি-পক্ষীয় সভার (সর্বমোট ৪টি ত্রি-পক্ষীয় সভা) তারিখ নির্ধারণসহ পূর্ত অডিট অধিদপ্তরের উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি সভার তারিখ বা প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত কোন তথ্য এ বিভাগে প্রেরণ করা হয়নি।

এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ক্রাস প্রোগামের আওতায় এলজিইডি সদর দপ্তরে ত্রি-পক্ষীয় সভা আয়োজনের নিমিত্ত সেপ্টেম্বর ২০১৬ মাসে ত্রি-পক্ষীয় সভার (সর্বমোট ৪টি ত্রি-পক্ষীয় সভা) তারিখ নির্ধারণসহ পূর্ত অডিট অধিদপ্তরের উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন প্রদানের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

(মুহাম্মদ আনোয়ার পাশা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩২

lgd.gov.audit1@gmail.com

মহাপরিচালক
পূর্ত অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স
সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। যুগ্ম সচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাকে ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)।
- ৬। মাস্টার কপি/অফিস কপি।